



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(ইস্যু প্রশাসন শাখা)

ডিসিএম পরিপত্র নং-০১/২০২৬

তারিখ : ১২ এপ্রিল ২০২৬
২৯ চৈত্র ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ছেঁড়া-ফাটা/ক্রটিপূর্ণ ও ময়লাযুক্ত নোট গ্রহণ এবং উহার বিনিময়মূল্য প্রদান প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে বিগত ১৫/১২/২০২৫ তারিখের ডিসিএম পরিপত্র নং-০৪/২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। জনসাধারণের স্বাভাবিক ও সুষ্ঠু নগদ লেনদেন অব্যাহত রাখার স্বার্থে আপনাদের ব্যাংকের সকল শাখা কর্তৃক বিধি মোতাবেক ছেঁড়া-ফাটা/ক্রটিপূর্ণ ও ময়লাযুক্ত নোট সংক্রান্ত সেবা নিয়মিতভাবে প্রদান করার নির্দেশনা দেওয়া স্বত্বেও বাজারে ছেঁড়া-ফাটা/ক্রটিপূর্ণ ও ময়লাযুক্ত নোটের আধিক্য পরিলক্ষিত হচ্ছে।
- ৩। এফ্রণে বাংলাদেশ ব্যাংকের পরিচ্ছন্ন নোট নীতিমালা (Clean Note Policy of Bangladesh Bank) বাস্তবায়নের লক্ষ্যে জনসাধারণের নিকট হতে বিভিন্ন মূল্যমানের ছেঁড়া-ফাটা/ক্রটিপূর্ণ ও ময়লাযুক্ত নোট বিশেষ করে ছোট মূল্যমানের (৫/-, ১০/-, ২০/- ও ৫০/- টাকা) নোটসমূহ নিয়মিতভাবে বিশেষ কাউন্টারে গ্রহণপূর্বক ফ্রেশ/পুনঃপ্রচলনযোগ্য নোটের মাধ্যমে বিনিময়মূল্য প্রদানের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে। এ ধরনের সেবা প্রদানে কোনো ব্যাংক শাখার অনীহা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।
- ৫। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

আপনাদের বিশ্বস্ত,

(কে এম ইব্রাহিম)
পরিচালক (ডিসিএম)
ফোন: ৯৫৩০০৯০